# কুমিল্লা বোর্ড ২০১৫

## বাংলা দ্বিতীয় পত্র

### রচনামূলক প্রশ্ন

সময় — ২ ঘন্টা পূর্ণমান — ৫০ বিষয় কোড: | ১ | ০ | ২ |

[দ্রষ্টব্য: দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

১. যে কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখ: ৫

(ক) বিশ্বায়ন; (খ) নারী শিক্ষা।

২. (ক) মনে কর তুমি তপু। তুমি রংপুরে থাক। ছাত্রজীবনে শিক্ষা সফরের গুরুত্ব উল্লেখ করে তোমার ছোট ভাই দীপুর কাছে একটি চিঠি লেখ। ৫

অথবা, (খ) মনে কর তুমি আসিফ। তুমি বরগুনার তালতলীর বাসিন্দা। সড়ক দুর্ঘটনা রোধকল্পে তোমার মতামত জানিয়ে পত্রিকায় প্রকাশের উপযোগী একটি পত্র লেখ।

৩. (ক) সারাংশ লিখ: ১০

জাতিকে শক্তিশালী, শ্রেষ্ঠ, ধনসম্পদশালী, উন্নত ও সুখী করতে হলে শিক্ষা ও জ্ঞান বর্ষার বারিপাতের মতো সর্বসাধারণের মধ্যে সমভাবে বিতরণ করতে হবে। দেশে সরল ও সহজ ভাষায় নানা প্রকারের পুস্তক প্রচার করলে এই কাজ সিদ্ধ হয়। শক্তিশালী দৃষ্টিসম্পন্ন মহাপুরুষদের লেখনীর প্রভাবে একটি জাতির মানসিক ও পার্থিব অবস্থার পরিবর্তন অপেক্ষাকৃত অল্পসময়ে সংশোধিত হয়ে থাকে। দেশের প্রত্যেক মানুষ তার ভুল ও কুসংস্কার, অন্ধতা ও জড়তা, হীনতা ও সংকীর্ণতাকে পরিহার করে একটা বিনয়-মহিমোজ্জ্বল উচ্চ জীবনের ধারণা করতে শেখে। মনুষ্যত্ব ও ন্যায়ের প্রতিষ্ঠা করাই ধর্ম মনে করে; আত্মমর্যাদা-জ্ঞানসম্পন্ন হয় এবং গভীর দৃষ্টি লাভ করে। তারপর বিরাট জাতির বিরাট দেহে শক্তি জেগে ওঠে।

http://teachingbd.com

অথবা, (খ) সারমর্ম লিখ:

আমরা চলিব পশ্চাতে ফেলি পচা অতীত,
গিরি-গুহা ছাড়ি খোলা প্রান্তরে গাহিব গীত।
সৃজিব জগৎ বিচিত্র তর, বীর্যবান,
তাজা জীবন্ত সে নব সৃষ্টি শ্রম-মহান,
চলমান-বেগে প্রাণ-উছল
রে নবযুগের স্রষ্টাদল,
জোর কদম চল রে চল্।

৪. যে কোনো **একটির** ভাব-সম্প্রসারণ কর: ১০

(ক) দুর্নীতি জাতীয় জীবনের সকল উন্নতির অন্তরায়।

(খ) স্বদেশের উপকারে নেই যার মন
কে বলে মানুষ তারে? পশু সেইজন।

৫. যে কোনো **একটি** বিষয়ে প্রতিবেদন রচনা কর: ১০

(ক) তোমার স্কুল লাইব্রেরি জরিপ করে প্রধান শিক্ষক বরাবর একটি প্রতিবেদন লেখ।

অথবা, (খ) নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধির কারণ ও প্রতিকার সম্বন্ধে একটি প্রতিবেদন রচনা কর।

৬. যে কোনো **একটি** বিষয়ে প্রবন্ধ রচনা কর: ২০

(ক) অধ্যবসায়;

(খ) চিকিৎসাক্ষেত্রে বিজ্ঞানের অবদান;

(গ) মাদকাসক্তির অপকারিতা ও প্রতিকার।

Teachingbd.com

## কুমিল্লা বোর্ড ২০১৫

সময় — ৪০ মিনিট   পূর্ণমান — ৪০   বাংলা দ্বিতীয় পত্র: নৈর্ব্যক্তিক অভীক্ষা   বিষয় কোড: ১ ০ ২

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. ভাষার মূল উপাদান কী?
ⓚ বর্ণ ⓚ ধ্বনি
ⓖ শব্দ ⓖ বাক্য

২. 'দারোগা' কোন ভাষার শব্দ?
ক ফারসি খ পর্তুগিজ
গ ওলন্দাজ ঘ তুর্কি

৩. স্পর্শ বর্ণ মোট কয়টি?
ক বিশটি খ পঁচিশটি
গ ত্রিশটি ঘ উনচল্লিশটি

৪. শব্দের কোথায় 'এ' ধ্বনির বিবৃত উচ্চারণ পাওয়া যায়?
ক আদিতে খ আদিতে এ অন্তে
গ মধ্যে ও অন্তে ঘ অন্তে

৫. শব্দ মধ্যস্থ দুটি ভিন্ন ধ্বনি একে অপরের প্রভাবে অল্প-বিস্তর সমতা লাভ করে। এ ব্যাপারকে কী বলে?
ক সম্প্রকর্ষ খ বিষমীভবন
গ সমীভবন ঘ স্বরসঙ্গতি

৬. নিচের কোন শব্দে স্বভাবতই 'ণ' এর ব্যবহার হয়েছে?
ক বর্ণনা খ ব্যাকরণ
গ লাবণ্য ঘ ব্রাহ্মণ

৭. 'পরীক্ষা' এর সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?
ক পরী + ইক্ষা খ পরি + ঈক্ষা
গ পরী + ঈক্ষা ঘ পরি + ইক্ষা

৮. নিচের কোনটি বিশেষ নিয়মে সাধিত সন্ধির উদাহরণ?
ক বনস্পতি খ পদস্খলন
গ গবাদি ঘ উত্থাপন

৯. নিচের কোন শব্দটি 'নী' প্রত্যয়যোগে স্ত্রীবাচক শব্দ নয়?
ক কামারনী খ ধোপানী
গ ভাগনী ঘ মজুরনী

১০. নিচের কোন বাক্যে ক্রিয়াবাচক শব্দের দ্বিরুক্ত হয়েছে?
ক ফোঁড়াটা টন টন করছে
খ ছোট ছোট ডাল কেটে ফেল
গ ফিরে ফিরে চায়
ঘ ডেকে ডেকে হয়রান হয়েছি

১১. সংখ্যাবাচক শব্দ কয় প্রকার?
ক তিন খ চার
গ পাঁচ ঘ ছয়

১২. ব্যাকরণে কোন কোন পদের সংখ্যাগত ধারণা প্রকাশের উপায়কে বচন বলে?
ক বিশেষ্য ও বিশেষণ খ সর্বনাম ও অব্যয়
গ অব্যয় ও বিশেষণ ঘ বিশেষ্য ও সর্বনাম

১৩. 'স্মৃতিসৌধ' কোন কর্মধারয় সমাসের উদাহরণ?
ক মধ্যপদলোপী খ উপমান
গ উপমিত ঘ রূপক

১৪. নিচের কোনটি চতুর্থী তৎপুরুষ সমাসের উদাহরণ?
ক খাঁচাছাড়া খ বিপদাপন্ন
গ মুসাফিরখানা ঘ খেয়াঘাট

১৫. নিচের কোন শব্দে 'সু' উপসর্গ 'আতিশয্য' অর্থে ব্যবহৃত হয়েছে?
ক সুধীর খ সুসাধ্য
গ সুকৃতি ঘ সুলভ

১৬. নিচের কোনটি বিদেশাগত ধাতু?
ক ফির্ খ বন্ধ
গ হস্ ঘ কথ্

১৭. কোন কোন ক্ষেত্রে কৃৎ-প্রত্যয় যোগ করলে কৃৎ-প্রকৃতির আদিস্বর পরিবর্তিত হয়? এ পরিবর্তনকে কী বলে?
ক প্রকৃতি ও প্রত্যয়
খ ইৎ ও উপধা
গ টি ও অনুবন্ধ
ঘ গুণ ও বৃদ্ধি

১৮. 'সুপ্ত' এর সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি?
ক √সৃজ্ + ক্ত খ √সুপ্ + ক্ত
গ √স্বপ্ + ক্ত ঘ √স্বাপ্ + ক্ত

১৯. 'উমেদারি' শব্দে 'ই' প্রত্যয় কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ক বৃত্তি বা ব্যবসা খ ভাব
গ মালিক ঘ জাত

২০. নিচের কোনটি যৌগিক শব্দের উদাহরণ?
ক মধুর খ গবেষণা
গ প্রবীণ ঘ মহাযাত্রা

২১. ভাব বিশেষণ কত প্রকার?
ক দুই খ তিন
গ চার ঘ পাঁচ

http://teachingbd.com

২২. কোন কোন পদের পুরুষ আছে?
ক বিশেষ্য, সর্বনাম ও অব্যয়
খ বিশেষ্য ও অব্যয়
গ বিশেষণ ও সর্বনাম
ঘ বিশেষ্য, সর্বনাম ও ক্রিয়া

২৩. নিচের কোন বাক্যে সম্মতি প্রকাশে অনন্বয়ী অব্যয় ব্যবহৃত হয়েছে?
ক আমি আজ আলবত যাব
খ হ্যাঁ, আমি যাব
গ আপনি যখন বলছেন, বেশ তো আমি যাবো
ঘ আপনি যা জানেন তা তো ঠিকই বটে

২৪. 'শিক্ষায় মন সংস্কারমুক্ত হয়ে থাকে'— বাক্যে কী অর্থে অসমাপিকা ক্রিয়ার ব্যবহার হয়েছে?
ক নিরন্তরতা খ আকস্মিকতা
গ অভ্যস্ততা ঘ অনুমোদন

২৫. নিচের কোনটি পুরাঘটিত বর্তমান কালের উদাহরণ?
ক চার আর তিনে সাত হয়
খ শিকারি পাখিটিকে গুলি করল
গ এবার আমি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি
ঘ হাসান বই পড়ছে .

২৬. 'তিনি গেলে কাজ হবে'— বাক্যে অসমাপিকা ক্রিয়া কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ক সাপেক্ষতা খ সম্ভাব্যতা
গ কার্যপরম্পরা ঘ দার্শনিক সত্য

২৭. কর্তৃকারকে বাক্যের ক্রিয়া সম্পাদনের বৈচিত্র্য বা বৈশিষ্ট্য অনুযায়ী কর্তা কয় প্রকার হয়ে থাকে?
ক ২ খ ৩
গ ৪ ঘ ৫

২৮. 'লোকটা জাতিতে বৈষ্ণব'— এখানে 'জাতিতে' কোন কারকে কোন বিভক্তি?
ক অধিকরণে সপ্তমী খ করণে সপ্তমী
গ কর্মে সপ্তমী ঘ অপাদানে সপ্তমী

২৯. নিচের কোনটি হেতু সম্বন্ধের উদাহরণ?
ক অগ্নির উত্তাপ
খ ধনের অহংকার
গ হাতির দাঁত
ঘ আদার ব্যাপারি

৩০. অনুসর্গের কাজ কী?
ক শব্দ গঠন করা
খ বাক্যের অর্থ প্রকাশে সাহায্য করা
গ বাক্যের ভাবকে সংকুচিত করা
ঘ শব্দের অর্থ প্রকাশে সহায়তা করা

৩১. আশ্রিত খণ্ডবাক্য কত প্রকার?
ক দুই খ তিন
গ চার ঘ পাঁচ

৩২. 'কোনো ভাবেই যা নিবারণ করা যায় না'— তাকে এক কথায় কী বলে?
ক দুর্নিবার খ দুর্দান্ত
গ অদম্য ঘ অনিবার্য

৩৩. 'যা সাধারণের মধ্যে দেখা যায় না এমন'— এক কথায় তাকে কী বলে?
ক অসাধারণ খ অন্যতম
গ অনন্যসাধারণ ঘ বিখ্যাত

৩৪. 'শবপোড়া' শব্দটিতে কী দোষ দেখা যায়?
ক গুরুচণ্ডালী
খ আকাঙ্ক্ষার ভুল প্রয়োগ
গ উপমা প্রয়োগে ভুল
ঘ দুর্বোধ্যতা

৩৫. নিচের কোন বাক্যে 'মুখ' শব্দটি 'সম্মান বাঁচানো' অর্থে প্রয়োগ করা হয়েছে?
ক শুধু শুধু ছেলেটাকে মুখ করছো কেন?
খ টক খেয়ে মুখ ধরে আসছে
গ খোদা মুখ তুলে চাইলে অবশ্যই ব্যবসায়ে লাভ হবে
ঘ এ ছেলে বংশের মুখ রক্ষা করবে

৩৬. 'কেউকেটা' বাগধারাটির অর্থ কী?
ক গণ্যমান্য ব্যক্তি
খ মূর্খ
গ চাটুকার
ঘ সামান্য

৩৭. নিচের কোন বাগধারাটি 'অতিবৃদ্ধ' অর্থে ব্যবহার হয়?
ক ঘাটের মড়া খ দুধের মাছি
গ নেই আঁকড়া ঘ ছাপোষা

৩৮. নিচের কোনটি 'সূর্য' এর সমার্থক শব্দ?
ক চিকুর খ মেদিনী
গ সবিতা ঘ হিমাংশু

৩৯. কর্মবাচ্যের বাক্যকে কর্তৃবাচ্যে রূপান্তর করতে হলে, কর্তায় কোন বিভক্তি হয়?
ক প্রথমা খ দ্বিতীয়া
গ তৃতীয়া ঘ ষষ্ঠী

৪০. বিধেয় বিশেষণ সর্বদাই বিশেষ্যের কোথায় বসে?
ক আগে খ পরে
গ আগে ও পরে ঘ মাঝে

| উত্তরমালা | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ঘ | ৩ | খ | ৪ | ক | ৫ | গ | ৬ | গ | ৭ | খ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | ক | ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | খ | ২০ | ক |
| | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | ঘ | ৩১ | খ | ৩২ | ঘ | ৩৩ | গ | ৩৪ | ক | ৩৫ | ঘ | ৩৬ | ঘ | ৩৭ | ক | ৩৮ | গ | ৩৯ | ক | ৪০ | খ |

Teachingbd.com